গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

নং-৩৭.২৪.০০০০.০৩.০৮৬.০০৫.২১-২৪

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়: ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরী তহবিল হতে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের আপৎকালীন আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই সংক্রান্ত কমিটির সভার সুপারিশ সম্বলিত কার্যবিবরণী।**

**সভাপতি : কাজী দেলোয়ার হোসেন, পরিচালক (যুগ্ম সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।**
**সভার তারিখ : ১৪/০৯/২০২১ খ্রি:**
**সময় : সকাল ১০.৩০ টা।**
**স্থান : সভা কক্ষ, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।**

**উপস্থিত সদস্যবৃন্দের বিবরণ নিম্নরূপ :**

১. ডা: মোহাম্মদ ইলিয়াছ চৌধুরী, সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মো: নজরুল ইসলাম, উপসচিব (প্রশাসন ও সংস্থাপন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. জনাব জান্নাতুল ফেরদৌস, উপ-পরিচালক (উপসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৪. জনাব জনাব মোহাম্মদ আবদুল আওয়াল, উপসচিব (এপিএ,এনআইএস,এসডিজি ও ইনোভেশন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৫. জনাব মো: আব্দুল মান্নান, উপপরিচালক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
৬. জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ, সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

**২.০ আলোচনা:**

২.১ সভাপতি কমিটির উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করেন। সভাপতি ট্রাস্টের সহকারী পরিচালক (উপবৃত্তি)-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানালে তিনি সভাকে অবহিত করেন যে, ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরী তহবিল হতে এককালীন আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য ২০২১-২২ অর্থবছরের ১ম পর্যায়ে সর্বমোট ০২টি আবেদন পাওয়া গেছে। আবেদনসমূহ এ সংক্রান্ত নির্দেশিকার আলোকে বিন্যাশ করে একটি তালিকা সভায় উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে, এ সংক্রান্ত নির্দেশিকায় একজন আবেদনকারীকে সর্বনিম্ন ১০,০০০ (দশ হাজার) টাকা এবং সর্বোচ্চ ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত এককালীন আর্থিক সহায়তা প্রদানের জন্য সংস্থান রাখা আছে। ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরী তহবিল থেকে আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রাপ্ত ০২জন আবেদনকারীর ০২টি আবেদন যাচাই-বাছাইয়ে যথাযথভাবে প্রেরণ করা হয়েছে মর্মে গণ্য করা হয়।

| মাধ্যমিক | | মোট | উচ্চ মাধ্যমিক | | মোট | স্নাতক | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| যোগ্য | অযোগ্য | ১টি | যোগ্য | অযোগ্য | ০টি | যোগ্য | অযোগ্য | ১টি |
| ০ | ১ | | ০ | ০ | | ১ | ০ | |
| সর্বমোট আবেদন=০২টি | | | | | | | | |
| সর্বমোট যোগ্য আবেদন=০২টি | | | | | | | | |

প্রথম আবেদনকারী মোছা: তারজিনা আক্তার তামান্নার রংপুর মেডিকেল কলেজে ২০২০-২১ শিক্ষাবর্ষে ভর্তি ফি বাবদ ২২,৩৬০ টাকা ব্যয় হওয়ায় শিক্ষার্থী ভর্তি সহায়তার জন্য আবেদন করেছেন। শিক্ষার্থীর পিতা একজন দিনমজুর হওয়ায় দরিদ্র পিতার পক্ষে পড়াশোনা এবং ভর্তিসহ অন্যান্য খরচ চালানো কষ্টকর। তার পারিবারিক ও আর্থসামাজিক অবস্থা বিবেচনা করে মোছা: তারজিনা আক্তার তামান্নাকে এককালীন ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদানের প্রস্তাবে সকলে ঐকমত্য পোষণ করেন।

এ পর্যায়ে ২য় আবেদনকারী বিভিন্ন সহ-শিক্ষা কার্যক্রমে কৃতিত্বের স্বাক্ষর রেখে চলেছে। তাছাড়া সে একজন বীর মুক্তিযোদ্ধার নাতী। প্রাপ্ত আবেদনপত্রসমূহে আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য প্রদত্ত তথ্য ও কাগজ-পত্রাদি সভায় বিস্তারিতভাবে পরীক্ষা-নিরীক্ষা করা হয়। আবেদনকারীর Osteochondroma of Right Femur Disease-এর জন্য তার ডান পায়ের হাড়ের বর্ধিতাংশ কেটে ফেলতে হয়েছে। তার তথ্য ও চিকিৎসা সংক্রান্ত প্রমাণাদি কমিটিতে বিশেষজ্ঞ সদস্য হিসাবে অন্তর্ভুক্ত সদস্য ডা: মোহাম্মদ ইলিয়াছ চৌধুরী, সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা কর্তৃক বিচার-বিশ্লেষণ করে আবেদনকারীর রোগের জটিলতা ও চিকিৎসায় বিপুল অর্থের প্রয়োজনীয়তার কথা বিবেচনা করে নাফিজুর রহমান রাইয়্যানকে এককালীন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদানের অভিমত ব্যক্ত করেন। কমিটির সদস্যগণ এ অভিমতরে সাথে সম্মতি জ্ঞাপন করেন।

৩.০ সুপারিশ : বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

28/09/2021
14.9.21

৩.১ আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য মর্মে চিহ্নিত তালিকার ১ম আবেদনকারী মোছা: তারজিনা আক্তার তামান্নাকে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা এবং ২য় আবেদনকারী নাফিজুর রহমান রাইয়্যানকে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রম নং | আবেদনকারীর নাম | শ্রেণি | অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম | অভিভাবকের নাম ও ঠিকানা | সহায়তা প্রাপ্তির জন্য আবেদনের কারণ | সহায়তার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ১. | মোছা: তারজিনা আক্তার তামান্না | স্নাতক (মেডিকেল ১ম বর্ষ) ২০২০-২১ শিক্ষা বর্ষ | অধ্যক্ষ রংপুর মেডিকেল কলেজ, রংপুর | পিতা: মো: তারা মিয়া<br>মাতা: মোছা: লাইলি বেগম<br>গ্রাম: বেলদহ<br>পোষ্ট: পাইকেরছড়া<br>উপজেলা: ভূরুঙ্গামারী<br>জেলা: কুড়িগ্রাম | শিক্ষার্থীর পিতা একজন দিনমজুর হওয়ায় দরিদ্র পিতার পক্ষে পড়াশোনা এবং ভর্তিসহ অন্যান্য খরচ চালানো কষ্টকর। পরিবারের সদস্য সংখ্যা ৫জন। | আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় অনুদান হিসাবে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা প্রদানের সুপারিশ করা হ্‌ল। |
| ২. | নাফিজুর রহমান রাইয়্যান | ৬ষ্ঠ | অধ্যক্ষ গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, গাজীপুর সেনানিবাস | পিতা: মো: মফিজুর রহমান<br>মাতা: নাজমুন নাহার<br>গ্রাম: শিয়ালকাঠী<br>পোষ্ট: জোলাগাতী<br>উপজেলা: কাউখালী<br>জেলা: পিরোজপুর | শিক্ষার্থী গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত। তার Osteochondroma of Right Femur Disease-এর জন্য ডান পায়ের হাড়ের বর্ধিতাংশ কেটে ফেলতে হয়েছে। | রোগের ধরণ এবং আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় অনুদান হিসাবে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের সুপারিশ করা হ্‌ল। |

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (উপবৃত্তি)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

(মো: আব্দুল মান্নান)
উপপরিচালক
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

(মোহাম্মদ আবদুল আওয়াল)
উপসচিব (এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

(জান্নাতুল ফেরদৌস)
উপপরিচালক (উপসচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

(মো: মনজুরুল ইসলাম)
উপসচিব (প্রশাসন ও সংস্থাপন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

(ডা: মোহাম্মদ ইলিয়াছ চৌধুরী)
সিভিল সার্জন
বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা

(কাজী দেলোয়ার হোসেন)
পরিচালক (যুগ্মসচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট